

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(সাধারণ ও সংস্থাপন শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং- ৩২৪৬

জি, এস

তারিখঃ ১৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে 'মুদ্রাক্ষরিক তথা অফিস সহকারী' পদে দরখাস্তকারীগণের প্রাথমিক বাছাই (টাইপিং) পরীক্ষা আগামী ০৯/০৪/২০২৩ হতে ১২/০৪/২০২৩ খ্রি. নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী বাংলাদেশ সুপ্রীম কোর্টের অডিটোরিয়ামের (২য় তলায়) অনুষ্ঠিত হবে। প্রাথমিক বাছাই (টাইপিং) পরীক্ষার প্রবেশপত্র ইতোমধ্যে দরখাস্তকারীগণের উল্লিখিত ঠিকানায় প্রেরণ করা হয়েছে।

| পদের নাম | তারিখ ও বার | রোল পরিসর (সকাল ৯.৩০-১২.৩০ ঘটিকা) | রোল পরিসর (বিকাল ১২.৩০-৩.৩০ ঘটিকা) | মোট পরীক্ষার্থী |
|---------------------------------|------------------------------|--------------------------------------|---------------------------------------|--------------------|
| মুদ্রাক্ষরিক তথা অফিস সহকারী | ০৯/০৪/২০২৩ খ্রি. রবিবার | ০১-৪৫০ = ৪৫০ জন | ৪৫১-৯০০ = ৪৫০ জন | ৯০০ জন |
| | ১০/০৪/২০২৩ খ্রি. সোমবার | ৯০১-১৩৫০ = ৪৫০ জন | ১৩৫১-১৮০০ = ৪৫০ জন | ৯০০ জন |
| | ১১/০৪/২০২৩ খ্রি. মঙ্গলবার | ১৮০১-২২৫০ = ৪৫০ জন | ২২৫১-২৭০০ = ৪৫০ জন | ৯০০ জন |
| | ১২/০৪/২০২৩ খ্রি. বুধবার | ২৭০১-৩১৫০ = ৪৫০ জন | ৩১৫১-৩৬০০ = ৪৫০ জন | ৯০০ জন |

প্রাথমিক বাছাই (টাইপিং) পরীক্ষা সম্পর্কিত নির্দেশনা

- ০১। প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না।
- ০২। উক্ত প্রবেশপত্র প্রাথমিক বাছাই/লিখিত/চূড়ান্ত টাইপিং (Aptitude)/ মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে।
- ০৩। পরীক্ষার্থীকে পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে সুপ্রীম কোর্ট অডিটোরিয়ামের অভ্যর্থনা কক্ষে রিপোর্ট করতে হবে।
- ০৪। 'মুদ্রাক্ষরিক তথা অফিস সহকারী' পদে পরীক্ষার্থীদের বাংলা এবং ইংরেজি (টাইপিং) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ০৫। সকল ধরনের ফলাফল সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে (www.supremecourt.gov.bd) এবং নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
- ০৬। পরীক্ষার কেন্দ্রে ব্যাগ, বই, ক্যালকুলেটর, ইলেকট্রনিক/হাতঘড়ি, মোবাইল ফোন এবং তথ্য আদান-প্রদানে ব্যবহারযোগ্য অন্য কোন ধরনের ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। এই দফার নির্দেশনার অমান্য করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণে বারিত করা হবে।
- ০৭। প্রবেশপত্রের ছবির সঙ্গে হাজিরা তালিকার ছবির মিল না থাকলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।
- ০৮। পরিস্থিতি বিবেচনায় পরীক্ষার সময় সূচি বাতিল কিংবা পরিবর্তন করা হতে পারে। সেক্ষেত্রে পরিবর্তিত সূচি কিংবা নির্দেশনা বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

স্বাঃ/-

(আলমগীর মুহাম্মদ ফারুকী)
অতিরিক্ত রেজিস্ট্রার (সার্বিক)

ও

সভাপতি

মুদ্রাক্ষরিক তথা অফিস সহকারী পদে
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি।

কার্যার্থে কপি প্রেরণ করা হলোঃ

- ০১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ০২। সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (নোটিশ বোর্ডে প্রকাশের জন্য)

(আলমগীর মুহাম্মদ ফারুকী)
অতিরিক্ত রেজিস্ট্রার (সার্বিক)

ও

সভাপতি

মুদ্রাক্ষরিক তথা অফিস সহকারী পদে
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি।